দৈনিক সংবাদ

তারিখ ... JUL. 2 1999
পৃষ্ঠা ৭ কলাম ৫

175

# শিক্ষক-কর্মচারীদের কর্মসূচি অব্যাহত

মফস্বল ডেস্ক ঃ বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন, কেন্দ্রীয় কমিটির কর্মসূচির অংশ হিসেবে দেশের সর্বত্র শিক্ষক-কর্মচারীদের বিক্ষোভ, মিছিল ও সমাবেশ ইত্যাদি অব্যাহত রয়েছে। নিচে আমাদের প্রতিনিধিদের পাঠানো এ সংক্রান্ত আজ কিছু বিবরণ প্রকাশ করা হলো ঃ

**খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন, খুলনা জেলা শাখার উদ্যোগে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে গত ২০শে জুন সকালে হাজার হাজার শিক্ষক-কর্মচারী এক বিরাট মিছিল বের করে। মিছিলকারীরা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণশেষে জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি প্রদান করেন।

শিক্ষক-কর্মচারীদের ১৫ দফা দাবি ও পরীক্ষায় নকল প্রতিরোধসহ ৭ দফা সুপারিশ সংবলিত স্মারকলিপি প্রদানের জন্য খুলনা শহর এবং জেলার ৯টি থানা থেকে হাজার হাজার শিক্ষক-কর্মচারী ডাকবাংলোস্থ শহীদ সোহরাওয়ার্দী স্কুল প্রাঙ্গণে সমবেত হয়।

স্মারকলিপি প্রদানশেষে অনুষ্ঠিত এক সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের খুলনা জেলা আহ্বায়ক এস এম আবদুল জলিল, আলগীর কবির, খান আতিয়ার রহমান, নারায়ণ চন্দ্র চন্দ, ফিরোজুর রহমান, আমিরুল ইসলাম, প্রদীপ কুমার সাহা, আবু হানিফা, নিরঞ্জন টিকাদার, হায়দার আলী, আলতাফ হোসেন, আবদুর রউফ প্রমুখ।

**টঙ্গী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** ১৫ দফা দাবি আদায়ের লক্ষ্যে গত ২৮শে জুন টঙ্গীতে বিভিন্ন স্কুলের শিক্ষকরা সমাবেশ, মিছিল ও জেলা প্রশাসকের কার্যালয়ে স্মারকলিপি পেশ করে।